রূপগঞ্জে শীতলক্ষ্যা নদী থেকে উদ্ধার অজ্ঞাত যুবকের মরদেহ



ছবি: সংগৃহীত

নারায়ণগঞ্জের রূপগঞ্জে শীতলক্ষ্যা নদী থেকে এক অজ্ঞাত যুবকের অর্ধগলিত মরদেহ উদ্ধার করেছে নৌ পুলিশ। মঙ্গলবার (৩০ জুন) সকালে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের কাছে খেয়াঘাট এলাকায় ভাসমান অবস্থায় মরদেহটি দেখতে পেয়ে স্থানীয়রা পুলিশকে খবর দেন।

খবর পেয়ে নৌ পুলিশের সদস্যরা ঘটনাস্থলে পৌঁছে মরদেহটি উদ্ধার করেন। পরে আইনি প্রক্রিয়া সম্পন্ন করে ময়নাতদন্তের জন্য নারায়ণগঞ্জ জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়।

পুলিশ জানায়, মরদেহটি দীর্ঘ সময় পানিতে থাকায় পরিচয় শনাক্ত করা যায়নি। পরিচয় নিশ্চিত করতে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)-কে জানানো হয়েছে। একই সঙ্গে রূপগঞ্জ থানায় একটি অপমৃত্যুর মামলা দায়ের করা হয়েছে।

এদিকে, মরদেহের পরিচয় শনাক্তে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)কে অবহিত করা হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর মৃত্যুর কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে বলে জানিয়েছে পুলিশ।

LENS ASIA